

শ্রীশ্রীহরি সঙ্গীত

-০-

বন্দনা

১নং তাল-ঠুংরী

ভজরে আমার মন, ভজ প্রভু হরিচন্দ্র ।
যারে ভজিলে আনন্দ হবে, দূরে যাবে নিরানন্দ ॥
ভজ রামকান্ত, যশোমন্ত হইয়া একান্ত ।
যশোমন্ত সুত আমার প্রভু হরিচন্দ্র ॥
ভজ কৃষ্ণদাস, বৈষ্ণবদাস, গৌরীদাস, স্বরূপচন্দ্র *
(জয় জয় বন্দ ও আমার মন)
ভজ বিশ্বনাথ, ব্রজনাথ আরো নাটুচন্দ্র ॥
ভজ মনোসাধে গুরুচাঁদে হ'য়ে শুদ্ধশাস্ত্র ।
ভজ শশীভূষণ, শ্রীসুধন্য উপদ্রে সুরেন্দ্র ॥
ভজ গোলকচাঁদ, বদনচাঁদ, দয়াল মহানন্দ ।
ভজ হীরামন, শ্রীলোচন, ক্ষেপা রামচন্দ্র ॥
ভজ দশরথ, রামভরত মতুয়া গোবিন্দ ।
ভজ স্বরূপরায়, মৃত্যুঞ্জয়, গৌঁসাই তারকচন্দ্র ॥
ভজ হরিপাল, রসিকলাল আর মঙ্গলচন্দ্র ।
ভজ উমাচরম, সূর্য্যনারায়ণ, কীৰ্ত্তনীয়া গোলোকচন্দ্র ॥
ভজ দয়ারাম, ফেলারাম আরো কুশাইচন্দ্র ।
(ভজ চিরকুমার ডক্টর শ্রীবগবতীচন্দ্র ॥
ভজরে প্রেমানন্দে প্রাণের 'ঠাকুর' শ্রীপতিচন্দ্র) ।

* পূর্ণব্রহ্মা শ্রীহরিচাঁদ সহোদরগণ ।